

দশম অধ্যায়

যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো)

ভূমিকাঃ

যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) ইউনিসেফের আর্থিক সহযোগিতায় ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণে টেমোর কার্যক্রম শুরু হয়। এতে সমগ্র বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের রাজস্ব খাতভুক্ত যানবাহন মেরামত কাজ সম্পাদন করা হত।

- (১) ১৯৮০ সালে টেমোকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণে আনা হয়।
- (২) ১৯৮২ সালে এনাম কমিটি কর্তৃক এই ওয়ার্কশপের কিছু কারিগরি জনবল অবলুপ্ত করতঃ টেমোর সাংগঠনিক কাঠামো ছোট করা হয়।
- (৩) স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্মারক নং প্রশা-২/যান-১/৯৭/১৯৫/৩২০ তাং ৮/৩/০৫ এর মাধ্যমে প্রণীত অফিস আদেশ অনুযায়ী টেমো কর্তৃক যানবাহনের মেরামত কাজ সম্পাদিত হচ্ছে।
- (৪) এই অফিস আদেশ অনুযায়ী টেমো কর্তৃক শুধুমাত্র ঢাকা ও ঢাকার নিকটস্থ স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের প্রায় ২০০ টি রাজস্ব খাত ভুক্ত যানবাহনের মেরামত কাজ সম্পাদন করা হচ্ছে।
- (৫) এই সমস্ত যানবাহনের অধিকাংশই ২০ থেকে ২৫ বছরের পুরাতন। ফলে বিভিন্ন সময় গাড়ীর বিভিন্ন যান্ত্রিক ক্রটি দেখা দেওয়ায় ঘন ঘন গাড়ীগুলি মেরামতের জন্য টেমোতে প্রেরিত হয়। এতে গাড়ীসমূহের মেরামত ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এবং অনেক সময় বিভিন্ন যন্ত্রাংশ পাওয়া যায় না বিধায়, পুরাতন যন্ত্রাংশের উপর নির্ভর করতে হয়। এমতাবস্থায় অতি পুরাতন গাড়ীগুলি পরিবর্তন অত্যাवশ্যিক।
- (৬) টেমোতে ৫টি কারিগরি শাখা রয়েছে। ৫টি শাখার মধ্যে ৪টি শাখা গাড়ীসমূহের হালকা ও ভারী মেরামত কাজ সম্পাদন করে। অন্য ১টি শাখা গাড়ীর ইলেকট্রিক কাজ সম্পাদন করে। প্রতিটি শাখায় সিনিয়র মেকানিক, জুনিয়র মেকানিক ও ক্লিনার রয়েছে।
- (৭) টেমোর কার্যক্রম স্বাস্থ্য মন্ত্রণালয়ের অডিট শাখা কর্তৃক অভ্যন্তরীণ ভাবে নিরীক্ষিত হচ্ছে। এ ছাড়া প্রতি বছর স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিয়মিতভাবে অডিট কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

কর্মসম্পাদনঃ

২০১১-২০১২ অর্থ বৎসরে মেরামতকৃত গাড়ীর বিবরণ :

বিবরণ	সংখ্যা	মন্তব্য
ইঞ্জিন ওভারহলিং	৯৪টি	৩৫ হাজার হতে ৪০ হাজার কি: মিটার অন্তর ইঞ্জিন ওভারহলিং করা হয়।
ভারী মেরামত	৮০টি	
হালকা মেরামত	৪৮টি	
প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ	২১০টি	প্রতি দুই মাস অন্তর প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ করা হয়।

- (১) টেমো ওয়ার্কশপের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বে এক একর জায়গা অবৈধ দখলদারদের হাত হতে উদ্ধার করে বৃক্ষ রোপন করা হয়েছে।
- (২) একটি সফটওয়্যারের মাধ্যমে স্বচ্ছতার সাথে গাড়ী মেরামতের রেকর্ড, ক্রয় ও হিসাব সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করা হচ্ছে।